ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৭৬১

আগরতলা, ১৬ জানুয়ারি, ২০২৬

**আগামীকাল এনআইটি আগরতলার ১৮তম সমাবর্তন**

আগামী ১৭ জানুয়ারি বিকাল ৩টায় ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি বা এনআইটি আগরতলার অষ্টাদশ সমাবর্তন অনুষ্ঠান আয়োজিত হবে। অনুষ্ঠানটি এনআইটি আগরতলার স্বামী বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হবে। এই সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। এছাড়াও উপস্থিত থাকবেন বোর্ড অব গভর্নস -এর চেয়ারম্যান বিনোদ কুমার বাউরি। সমাবর্তন অনুষ্ঠানে এনআইটি আগরতলার ২০২৫ সালের বিভিন্ন কোর্সে ডিগ্রি গ্রহণকারী মোট ১ হাজার ১৯১ জন ছাত্রছাত্রীর মধ্যে ডিগ্রি প্রদান করা হবে। আজ আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এনআইটি আগরতলার অধিকর্তা অধ্যাপক শরৎ কুমার পাত্রা এই সংবাদ জানান।

অধিকর্তা সাংবাদিক সম্মেলনে জানান, এন আইটি আগরতলা জাতীয়স্তরের একটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। উত্তর-পূর্ব অঞ্চলে কারিগরী শিক্ষা এবং গবেষণায় শ্রেষ্ঠত্বের লক্ষ্যে এই প্রতিষ্ঠানটি ভারত সরকার প্রতিষ্ঠা করেছে। বর্তমানে এনআইটি আগরতলায় ৫,৩৬৩ জন শিক্ষার্থী অধ্যয়নরত। প্রতিষ্ঠানটি ৯টি শাখায় বিটেক ডিগ্রি প্রদান করে। এনআইটি আগরতলায় এম টেক লেভেলে ২৪টি স্পেশালাইজেশন এবং পাঁচটি শাখায় ডুয়াল ডিগ্রি প্রদান করা হয়। প্রতিষ্ঠানটিতে এমবিএ, এমসিএ, এমএসসি এবং ডক্টরাল প্রোগ্রাম প্রদান করা হয়। এনআইটি আগরতলায় ২০২৩ সাল থেকে চার বছরের ইন্টিগ্রেটেড টিচার এডুকেশন প্রোগ্রাম (বিএসসি-বিএড) শুরু হয়েছে,। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ৩০০ জনেরও বেশি রিসার্চ স্কলার পিএইচডি প্রোগ্রামে গবেষণারত রয়েছেন। তিনি জানান, এইআইটি আগরতলা চাকুরিতে নিযুক্তির ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকায় রয়েছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৮০.৭২% বিটেক ছাত্রছাত্রী চাকুরিতে নিযুক্ত হয়েছে। প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা আন্তর্জাতিক মানের ও সুপ্রসিদ্ধ মানের বিভিন্ন সংস্থাগুলিতে চাকুরিতে নিযুক্তির জন্য সিলেকশন পেয়েছে। এরমধ্যে মেকন, অয়েল ইন্ডিয়া লিমিটেড বেল, সেইন্ট গোবিন, গুগল, অ্যামাজন, এল অ্যান্ড টি গ্রুপ, কেপজেমিনি, উইপ্রো, ওরাক্যাল, জেএসপিএল, ইনফোসিস, রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বেদান্ত, টাটা গ্রুপ, ডিএসসি টেকনোলজি অ্যালস্ট্রম প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি জানান, এনআইটি আগরতলা জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করেছে। অধ্যয়নগত ও গবেষণা ক্ষেত্রে সহযোগিতার জন্য প্রতিষ্ঠানটি ৫৩টিরও বেশি মৌতে স্বাক্ষর করেছে। তিনি বলেন, এনআইটি আগরতলা বর্ষব্যাপী বিভিন্ন ধরণের সচেতনতামূলক কর্মসূচি ও অন্যান্য কার্যক্রম পরিচালনা করে থাকে। এরমধ্যে উল্লেখযোগ্য কর্মসূচিগুলি হল যোগা দিবস, স্বচ্ছ ভারত অভিযান, রাষ্ট্রীয় একতা দিবস, জাতীয় বিজ্ঞান দিবস, হিন্দি সপ্তাহ, স্টাডি কানেক্ট প্রোগ্রাম, ভিজিল্যান্স সপ্তাহ, মোক্ষা সাংস্কৃতিক উৎসব প্রভৃতি। সাংবাদিক সম্মেকলনে এছাড়া আলোচনায় অংশ নেন অধ্যাপক উমেশ মিশ্রা, কলেজের প্রফেসর ইনচার্জ ড. অজয় কুমার দাস, অধ্যাপক রাজীব সাহা। উপস্থিত ছিলেন অধ্যাপক পার্থ প্রতীম সরকার, অধ্যাপক ড. দেবাশীষ নিয়োগী, অধ্যাপক তরুন কান্তি মিশ্র, অধ্যাপক জন দেববর্মা, অধ্যাপক অরবিন্দ জৈন এবং কর্নেল ডা. (রিটায়ার্ড) রেজিস্ট্রার আশিষ বাদোলা।

*******